



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বাংলাদেশ পুলিশ

এন্টি টেররিজম ইউনিট

বাড়ী নং-৩৫, সোহরাওয়ার্দী এভিনিউ, ব্লক-কে, বারিধারা, ঢাকা-১২১২।

[www.atu.police.gov.bd](http://www.atu.police.gov.bd)



স্মারক নং- পিআর ৫২/২০

তারিখঃ ১০ ডিসেম্বর ২০২০খ্রিঃ

### প্রেস বিজ্ঞপ্তি

এন্টি টেররিজম ইউনিট (এটিইউ) কর্তৃক অনলাইন জুয়ারি প্ল্যাটফর্মের দুইজন এডমিন গ্রেফতার।

এন্টি টেররিজম ইউনিট (এটিইউ) এর একটি চৌকস দল গত ০৯ ডিসেম্বর ২০২০ খ্রিঃ তারিখ রাত আনুমানিক রাত ১১.২৫ ঘটিকায় অভিযান পরিচালনা করে ঢাকা জেলার সাভার থানাধীন উত্তর জামসিং এলাকার একটি বাড়ি থেকে দুইজন অনলাইন জুয়ারি প্ল্যাটফর্মের দুইজন এডমিনকে গ্রেফতার করেছে। গ্রেফতারকৃত সদস্যদের নাম- ১। মোঃ সাক্বির আহমেদ কাওসার (১৯), পিতা- সইজুদ্দিন শেখ, মাতা- কহিনূর বেগম, গ্রাম- সোনাখালি, থানা- মোড়লগঞ্জ, জেলা- বাগেরহাট ২। মোঃ মনোয়ার হোসেন (২৬), পিতা- রমজান আলী, মাতা- মৃত মোমেনা বেগম, গ্রাম- কালাপানি জালিয়াপাড়া, থানা- গুইমারা, জেলা- খাগড়াছড়ি। গ্রেফতারকালে এন্টি টেররিজম ইউনিটের সদস্যরা গ্রেফতারকৃতদের কাছ থেকে অনলাইন জুয়ারি প্ল্যাটফর্ম পরিচালনার কাজে ব্যবহৃত ০৭ টি স্মার্ট ফোন, ১৪ টি সীম কার্ড ও তাদের স্মার্ট ফোনে অনলাইন জুয়া সাইট 1xbet Bangladesh উন্মুক্ত অবস্থায় জব্দ করেছে।

গ্রেফতারকৃত আসামী ১। মোঃ সাক্বির আহমেদ কাওসার ২। মোঃ মনোয়ার হোসেন 1xbet Bangladesh (সমস্যা এবং সমাধান) নামক ফেসবুক গ্রুপের মাধ্যমে সাধারণ মানুষকে আকৃষ্ট করে অনলাইন জুয়ায় অংশগ্রহণ করাত। এখানে আকৃষ্ট হয়ে অনেক সাধারণ লোক অনলাইন জুয়ায় অংশগ্রহণ করে সর্বশান্ত হয়েছে।

উদ্দেশ্যমূলকভাবে পরিচয় গোপন করে পরস্পর যোগসাজশে অর্থপ্রাপ্তি প্রতারণা বা ঠকাবার উদ্দেশ্যে ডিজিটাল মাধ্যম ব্যবহার করে অপর ব্যক্তির পরিচয় ও তথ্য সংগ্রহপূর্বক অবৈধ ই-ট্র্যানজেকশন করার অপরাধে তাদের বিরুদ্ধে ডিজিটাল নিরাপত্তা আইন ২০১৮ এর ২৪(১)/২৬(১)/৩০(১) ধারায় সাভার থানায় মামলা দায়ের প্রক্রিয়াধীন।

১০/১২/২০২০

(ওয়াহিদা পারভীন)

সহকারি পুলিশ সুপার

(মিডিয়া অ্যান্ড অ্যাওয়ারনেস)

এন্টি টেররিজম ইউনিট

বাংলাদেশ পুলিশ, ঢাকা।